



প্রধান উপদেষ্টার ভাষণে জুলাই সনদ লজ্জনের অভিযোগ: সালাহউদ্দিন আহমদ



সংগৃহীত ছবি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ অভিযোগ করেছেন, প্রধান উপদেষ্টার ভাষণের মাধ্যমে জুলাই সনদ লজ্জিত হয়েছে। তিনি বৃহস্পতিবার (১৩ নভেম্বর) প্রধান উপদেষ্টার ভাষণের তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় এই কথা জানান।

সালাহউদ্দিন আহমদ বলেন, “সংবিধান সংস্কার পরিষদ নতুন ধারণা। এই বিষয়ে ঐকমত্য কমিশনে কোনো আলোচনা হয়নি।”

এদিকে, প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস দুপুরে জাতির উদ্দেশে দেওয়া ভাষণে জানান, জুলাই সনদ বাস্তবায়নের জন্য গুরুত্বপূর্ণ কিছু বিধান গ্রহণ করা হয়েছে। এর মধ্যে রয়েছে: সনদের সংবিধান বিষয়ক সংস্কার প্রস্তাবনার ওপর গণভোট আয়োজন এবং পরবর্তীতে সংবিধান সংস্কার পরিষদ গঠন। গণভোটে সংখ্যাগরিষ্ঠ ভোট ‘হ্যাঁ’ হলে নির্বাচিত প্রতিনিধি নিয়ে সংবিধান সংস্কার পরিষদ গঠন করা হবে। এই প্রতিনিধিরা একইসাথে সংসদ সদস্য হিসেবে দায়িত্ব পালন করবেন।

ড. ইউনূস আরও বলেন, সংবিধান সংস্কার পরিষদ প্রথম অধিবেশন শুরু ১৮০ কার্যদিবসের মধ্যে সংবিধান সংস্কার সম্পন্ন করবে। এরপর ৩০ কার্যদিবসের মধ্যে নির্বাচনে প্রাপ্ত ভোটের অনুপাতে উচ্চকক্ষ গঠন করা হবে। এর মেয়াদ হবে নিম্নকক্ষের শেষ কার্যদিবস পর্যন্ত।

ভাষণে তিনি জানান, জাতীয় সংসদ নির্বাচনের দিনই জুলাই সনদ বাস্তবায়নের গণভোট অনুষ্ঠিত হবে। বিএনপিও নির্বাচনের দিন গণভোটের দাবি জানিয়েছিল, তবে জামায়াতসহ ৮টি দল নির্বাচনের আগে গণভোট আয়োজনের দাবি জানিয়েছিল।